চট্টগ্রাম সিটি কর্পোরেশন
এস্টেট শাখা, রাজস্ব বিভাগ
টাইগারপাস, চট্টগ্রাম
www.ccc.gov.bd

স্মারক নং ঃ ৪৬.১১.১৬০০.০০৩.১৮.০০৭.২৬-২০৬ তারিখ ঃ ০৪ মার্চ ২০২৬

হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি (২য় বার)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী নির্দেশনা অনুযায়ী চট্টগ্রাম সিটি কর্পোরেশন মালিকানাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩৩ বাংলা সনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত সীলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	হাট-বাজারসমূহের নাম	সিডিউল এর মূল্য	সরকারী মূল্য
১	সাগরিকা গরু বাজার	১,৭৯,২০০/-	৮,০২,৯০,২৬২/-
২	রিয়াজউদ্দিন বাজার	২৯,৮০০/-	১,৪৬,০০,০০০/-
৩	হাজী আব্দুল আলী আর্কেড (বেসমেন্ট)	২,২০০/-	৭,১২,১৬৭/-
৪	বক্সির হাট	৩,৬০০/-	১৪,৯৮,৪৩৩/-
৫	পাহাড়তলী কাঁচা বাজার	৩,০০০/-	১১,৪০,৪৭৪/-
৬	বলির হাট	১,২০০/-	২,১৪,৯২৩/-
৭	আনন্দ বাজার	১,৪০০/-	৩,৩৪,৫৩৩/-
৮	চকবাজার	২৩,৬০০/-	১,১৪,১০,০০০/-
৯	হামিদউল্লা খান বাজার	৫০০/-	×
১০	নয়াহাট	৫০০/-	৮৮,৭০০/-

দরপত্র সংগ্রহ ও জমা দানের তারিখ :

ক্রঃ নং	বিবরণ	দরপত্র ফরম সংগ্রহের তারিখ	দরপত্র দাখিলের তারিখ
১	হাট-বাজার	১১ মার্চ ২০২৬ তারিখ পর্যন্ত	১২ মার্চ ২০২৬

শর্তাবলী

ক. ১৪৩৩ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র ১(এক) বৎসর মেয়াদ এর জন্য ইজারা দেয়া হবে।

খ. হাট-বাজার এর দরদাতা কর্তৃক দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে পে-অর্ডার "মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন" এর অনুকূলে দরপত্রের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ১০% অর্থ পরিচ্ছন্ন জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা ইজারাদারের বরাবর ফেরত দেয়া হবে।

চলমান পাতা-২

CamScanner

গ. অনুমোদিত দরদাতাকে সংবাদ প্রদানের / পত্র প্রেরণের ৭(সাত) কার্য দিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অপরিশোধিত অর্থ এবং মোট দাখিলকৃত ইজারামূল্যের উপর হাট-বাজারের ক্ষেত্রে ১০% আয়কর, ১৫% ভ্যাটসহ সরকার কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত হারে বিভিন্ন করাদি আবশ্যিকভাবে একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ জমাকৃত জামানত বাজেয়াপ্ত করতঃ পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

ঘ. প্রাপ্ত দরপত্রের মধ্যে সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্য হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে। পরবর্তীতে দরপত্র আহ্বান সত্ত্বেও যদি দাখিলকৃত দর সরকারি মূল্যের চেয়ে কম হয়, তা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারামূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

ঙ. একটি হাট-বাজারের জন্য ক্রয়কৃত সিডিউল অন্য হাট-বাজারসমূহের সিডিউল হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।

চ. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

ছ. কর্তৃপক্ষের অনুমোদিত রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করতে হবে।

জ. প্রত্যেক হাটবাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে এবং দরপত্র দাতার (ব্যক্তি ক্ষেত্রে) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে ট্রেড লাইসেন্সের হাল নাগাদ কপি সংযুক্ত করতে হবে।

ঝ. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। হাট-বাজারের নির্দিষ্ট সীমানার বাইরে বাজার স্থাপন বা জন দূর্ভোগ সৃষ্টিকারী কর্মকান্ড করতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

ঞ. ইজারার সমস্ত অর্থ (সরকারিভাবে নির্ধারিত হারে বিভিন্ন করাদিসহ) পরিশোধের ৩(তিন) কার্য দিবসের মধ্যে ৩০০/- টাকার (প্রতি সেট) নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

ট. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ঠ. ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন এবং বিদ্যুৎ বিলসহ অন্যান্য ইউটিলিটি বিল পরিশোধ করবেন।

ড. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্ট্রার সংরক্ষণ করবেন।

ঢ. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

ণ. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে, কোন কারণে ইজাদারকে যথাসময়ে হাট-বাজার হস্তান্তর সম্ভব না হলে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক জমাকৃত অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

ত. হাট-বাজার ইজারার টাকা যথাসময়ে পরিশোধ করা না হলে আইনগত ব্যবস্থা গ্রহণ করাসহ "সরকারী দাবী আদায় আইন-১৯১৩" অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে টাকা আদায় করা হবে।

থ. উল্লিখিত হাট-বাজারসমূহ ইজারা গ্রহণের জন্য বর্ণিত তারিখে বেলা ১.০০ ঘটিকার মধ্যে দরপত্র সিটি কর্পোরেশনের প্রধান কার্যালয়ের ২য় তলায় রক্ষিত দরপত্র বাক্সে ফেলতে হবে। উল্লিখিত তারিখে দুপুর ১.৩০ ঘটিকায় সিটি কর্পোরেশন মিলনায়তনে দরপত্র দাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

দ. হাটবাজারের দরপত্রের ক্ষেত্রে "সরকারি চালান জমা হিসাব" এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে ইজারার শর্ত সম্বলিত দরপত্র ফরম পার্শ্বে বর্ণিত মূল্যে (অফেরতযোগ্য) অত্র অফিসের এস্টেট শাখা, রাজস্ব সার্কেল অফিস, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা এর কার্যালয়, পুলিশ সুপারের কার্যালয়, জেলা প্রশাসক এর কার্যালয়, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ কমিশনারের কার্যালয় এবং বিভাগীয় কমিশনার এর কার্যালয় হতে দরপত্র জমা দেয়ার তারিখের পূর্বের দিন (কার্যদিবস) পর্যন্ত ক্রয় করা যাবে।

চলমান পাতা-৩

CamScanner

ধ. ইজারা কার্যক্রম চলাকালীন সময়ে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ বিধিমালা অনুসরণ করা হবে।

ন. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই কার্যক্রমের যে কোন পর্যায়ে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৪/০৩/২০২৬

এস এম সরওয়ার কামাল
প্রধান রাজস্ব কর্মকর্তা (উপসচিব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
ফোন ঃ ০২-৩৩৩৩৮৮৮০৮
E-mail : cro@ccc.gov.bd

তারিখ ঃ ০৪ মার্চ ২০২৬

স্মারক নং ঃ ৪৬.১১.১৬০০.০০৩.১৮.০০৭.২৬- ২০৩

অনুলিপি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
২। পুলিশ কমিশনার, পুলিশ কমিশনারের কার্যালয়, সিএমপি, চট্টগ্রাম।
৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
৪। একান্ত সচিব, মাননীয় মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-   , চট্টগ্রাম সিটি কর্পোরেশন
৬। প্রোগ্রামার, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৭। জনসংযোগ কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন। বিজ্ঞপ্তিটি জাতীয় দৈনিক পত্রিকা ১টি এবং স্থানীয় ১টি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮। কর কর্মকর্তা, --------- রাজস্ব সার্কেল, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
৯। ব্যক্তিগত সহকারী, প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। ব্যক্তিগত সহকারী, সচিব, চট্টগ্রাম সিটি কর্পোরেশন (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। অফিস কপি।

৪/৩/২০২৬

প্রধান রাজস্ব কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

CamScanner